রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ১৪, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়**

**জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ**

প্রজ্ঞাপন

তারিখ : ৭ অক্টোবর ২০১৯

নং ২৮.০০.০০০০.০২৭.৪৩.০০১.১৯-২৩০—"ব্যবহৃত লুব্রিকেটিং অয়েল রি-রিফাইনিং প্ল্যান্ট স্থাপন নীতিমালা, ২০১৯" প্রজ্ঞাপনটি এতদ্‌সঙ্গে প্রকাশ করা হলো।

## "ব্যবহৃত লুব্রিকেটিং অয়েল রি-রিফাইনিং প্ল্যান্ট স্থাপন নীতিমালা, ২০১৯"

ব্যবহৃত লুব্রিকেটিং অয়েল হচ্ছে ইঞ্জিন ও যন্ত্রাংশে ব্যবহৃত লুব্রিকেটিং অয়েল যা নির্দিষ্ট মেয়াদে ব্যবহারের পর ইঞ্জিন/যন্ত্রাংশ থেকে অপসারিত বর্জ্য পদার্থ। ব্যবহৃত লুব অয়েল পরিবেশের জন্য ক্ষতিকর এবং এর ব্যবস্থাপনা ব্যয়সাধ্য। এ ব্যবহৃত লুব্রিকেটিং অয়েলে ইঞ্জিন অয়েল, গিয়ার অয়েল, হাইড্রোলিক অয়েল, সার্কোলেটিং ও অন্যান্য লুব অয়েল মিশ্রিত অবস্থায় থাকে। ব্যবহৃত লুব অয়েলের মিশ্রণে বিভিন্ন গ্রেড/গ্রুপ অনুযায়ী ভিন্ন ভিন্ন মাত্রায় এডিটিভস্ থাকে বিধায় বিশেষভাবে প্রক্রিয়াকরণ ব্যতীত সাধারণ রি-রিফাইনিং (Recycle) প্রক্রিয়ায় তার উপাদানসমূহ সম্পূর্ণরূপে পৃথক করে American Petroleum Institute (API)/আন্তর্জাতিক মানের লুব-বেস/লুব্রিকেটিং অয়েলে উন্নীত করা যায় না।



মূল্য : টাকা ১২·০০

ব্যবহৃত লুব্রিকেটিং অয়েল বিনষ্টকরণও (disposal) পরিবেশের জন্য অত্যন্ত ক্ষতিকর। এ কারণে ব্যবহৃত লুব অয়েল রি-রিফাইনিং প্রক্রিয়ার মাধ্যমে পুনঃব্যবহারযোগ্য পণ্য উৎপাদন এবং পরিবেশের ক্ষতিকর প্রভাব কমানোর লক্ষ্যে পৃথিবীর বিভিন্ন দেশ ব্যবহৃত লুব অয়েলকে রি-রিফাইনিং প্রক্রিয়ায় API সমমানের লুব বেইস অয়েল/লুব্রিকেটিং অয়েল তৈরী করছে যা Environment Protection Agency (EPA, USA) কর্তৃক স্বীকৃত। বাংলাদেশেও ব্যবহৃত লুব অয়েল পুনঃ ব্যবহারের জন্য রি-রিফাইনিং প্রক্রিয়া (Re-refining process) অনুযায়ী প্ল্যান্ট স্থাপনের বিষয়টি অন্তর্ভুক্তপূর্বক 'ব্যবহৃত লুব্রিকেটিং অয়েল রি-রিফাইন করিয়া মানসম্মত বেইস অয়েল উৎপাদনের অনুমোদন প্রদানের নীতিমালা, ২০০৯' প্রণয়ন করা হয়। সময়ের ব্যবধান, প্রযুক্তির উৎকর্ষতা, বাস্তব অবস্থা পর্যালোচনা করে নতুন আঙ্গিকে বিদ্যমান নীতিমালাকে আরো যুগোপযোগী করে বিস্তারিতভাবে একটি নতুন নীতিমালা প্রণয়ন করা প্রয়োজন। তদুদ্দেশ্যে, এ নীতিমালা প্রণয়ন করা হলো।

২। **শিরোনাম**

এ নীতিমালা "ব্যবহৃত লুব্রিকেটিং অয়েল রি-রিফাইনিং প্ল্যান্ট স্থাপন নীতিমালা, ২০১৯" নামে অভিহিত হবে।

৩। **নোট/ব্যাখ্যা**

৩.১। **রি-রিফাইনড লুব্রিকেটিং অয়েল :** "ব্যবহৃত লুব্রিকেটিং অয়েল প্রক্রিয়ার মাধ্যমে/ রি-রিফাইনিং এর মাধ্যমে প্রাপ্ত লুব অয়েল বা লুব্রিকেন্ট। তবে, এক্ষেত্রে গ্রিজ অন্তর্ভুক্ত হবে না।

৩.২। **প্ল্যান্ট :** ব্যবহৃত লুব অয়েল থেকে মানসম্মত বেস অয়েল তৈরির আন্তর্জাতিক কোডস ও স্ট্যান্ডার্ড অনুযায়ী স্থাপিত প্ল্যান্ট।

৩.৩। **একটিভেটেড ক্লে (Activated Clay) :** পর্যাপ্ত শোষণ (absorbtion) ক্ষমতাসম্পন্ন Clay যা বিভিন্ন ধরনের Metallic Oxides দ্বারা গঠিত। একটিভেটেড ক্লে সাধারণতঃ ব্যবহৃত লুব অয়েলের মধ্যে বিদ্যমান বিভিন্ন ধরনের Pigments, Phospholipids, Gums, Soaps ইত্যাদি উপাদান অপসারণে (romove) ব্যবহার করা হয়।

৩.৪। **বেস অয়েল :** লুব্রিকেন্ট উৎপাদনের জন্য প্রধান উপাদান বেস অয়েল প্রধানত অশোধিত তেল রিফাইনিং এর মাধ্যমে উৎপাদিত হয় যা খনিজ বেস অয়েল নামেও পরিচিত। বেল অয়েল যখন রাসায়নিক প্রক্রিয়ার মাধ্যমে তৈরি হয় তখন একে সিনথেটিক বেস অয়েল বলে।

৩.৫। **টেকনিক্যাল কমিটি :** জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক গঠিত টেকনিক্যাল কমিটি।

৪। **প্ল্যান্ট স্থাপনে উদ্যোক্তার যোগ্যতা**

ব্যবহৃত লুব্রিকেটিং অয়েল রি-রিফাইনিং প্ল্যান্ট স্থাপনে উদ্যোক্তার নিম্নরূপ যোগ্যতা থাকতে হবে :

৪.১। প্ল্যান্ট স্থাপনের জন্য জমির নিজস্ব মালিকানা সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র (দলিল, পর্চা, খাজনার দাখিলা ইত্যাদি) অথবা জমির লিজ গ্রহণের ক্ষেত্রে কমপক্ষে ২৫ বছর মেয়াদি রেজিস্টার্ড চুক্তিপত্র;

৪.২। ব্যাক্তি/প্রতিষ্ঠান পর্যায়ে পর্যায়ক্রমে ৩ বছর গড়ে কমপক্ষে ২৫ লক্ষ টাকা পরিমাণ আয়কর প্রদানের সনদপত্র এবং কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের ঋণ খেলাপি না হওয়া (সরকার সময়ে সময়ে আর্থিক সামর্থ্যের মানদণ্ড পুনঃনির্ধারণ করতে পারে) এবং

৪.৩। প্ল্যান্ট স্থাপনে আবেদনকারীর সমজাতীয় কোন প্ল্যান্ট স্থাপনে বাস্তব অভিজ্ঞতা অথবা লুব প্ল্যান্ট স্থাপন বা ব্যবসা পরিচালনা সংক্রান্ত অভিজ্ঞতাসম্পন্ন বিদেশী প্রতিষ্ঠানের সাথে Joint venture চুক্তি।

৫। **ব্যবহৃত লুব্রিকেটিং অয়েল রি-রিফাইনিং প্ল্যান্ট স্থাপনের শর্তাবলি**

৫.১। সরকারের অনুমোদন ব্যতীত ব্যবহৃত লুব্রিকেটিং অয়েল রি-রিফাইনিং প্ল্যান্ট স্থাপন করা যাবে না;

৫.২ প্ল্যান্ট স্থাপন এবং পরিচালনার (Operation) ক্ষেত্রে বাংলাদেশ পেট্রোলিয়াম এ্যাক্ট ১৯৭৪, পেট্রোলিয়াম আইন ২০১৬, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন আইন, ২০১৬ প্রযোজ্য হবে;

৫.৩। রি-রিফাইনিং প্ল্যান্টের জন্য একটিভেটেড ক্লে (যা ব্যবহৃত লুব রি-রিফাইনিং এর জন্য প্রয়োজন) এবং ল্যাবরেটরির জন্য কেমিক্যালস আমদানির জন্য বাৎসরিক ভিত্তিতে বিপিসি'র নিকট থেকে অনুমোদন গ্রহণ করতে হবে;

৫.৪। কাঁচামাল হিসেবে ব্যবহৃত লুব দেশীয় উৎস থেকে সংগ্রহ করতে হবে। কোনক্রমেই আমদানি করা যাবে না। দেশীয় উৎস থেকে প্রাপ্ত কাঁচামাল ব্যবহৃত লুব অয়েল, আমদানিকৃত Activated Clay, উৎপাদিত পণ্যের বিক্রয় বা রপ্তানির প্রমাণকসহ বিবরণী/প্রতিবেদন ত্রৈমাসিক ভিত্তিতে বিপিসির নিকট দাখিল করতে হবে;

৫.৫। ব্যবহৃত লুব্রিকেটিং অয়েল রি-রিফাইনিং প্ল্যান্টে উৎপাদিত পণ্যসমূহ American Petroleum Institute (API) এবং প্রযোজ্য ক্ষেত্রে বিএসটিআই'র নির্ধারিত মানসম্পন্ন হতে হবে;

৫.৬। প্ল্যান্ট স্থাপনে আন্তর্জাতিক কোডস্ এ্যান্ড স্ট্যান্ডার্ড অনুসরণ করতে হবে;

৫.৭। প্ল্যান্টে উৎপাদিত পণ্য ও কাঁচামাল পরীক্ষণের জন্য ৫.১১ তে বর্ণিত আধুনিক যন্ত্রপাতি সম্বলিত পরীক্ষাগার থাকতে হবে;

৫.৮। প্ল্যান্ট স্থাপনের পূর্বে পরিবেশ অধিদপ্তর কর্তৃক অবস্থানগত ছাড়পত্র, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক অনুমোদিত অগ্নি-নির্বাপণ প্লান, প্ল্যান্ট এবং স্থাপনাসমূহের বিস্ফোরক পরিদপ্তর কর্তৃক অনুমোদিত নকশা (Layout Plan), জেলা প্রশাসন, বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষসহ (প্রযোজ্য ক্ষেত্রে) সরকারের বিধিবদ্ধ সংশ্লিষ্ট মন্ত্রণালয় অথবা বিভাগ অথবা অধিদপ্তর অথবা দপ্তর হতে প্রয়োজনীয় অনুমোদন অথবা অনুমতি অথবা ছাড়পত্র অথবা অনাপত্তিপত্র থাকতে হবে;

৫.৯। প্ল্যান্ট স্থাপনের অনুমতিপত্র প্রাপ্তির পর আবেদনকারী প্রতিষ্ঠানকে সংশ্লিষ্ট সরকারি দপ্তরসমূহ হতে প্রয়োজনীয় অনুমোদন, ছাড়পত্র, অনাপত্তিপত্র ও লাইসেন্স সংগ্রহপূর্বক ৩ (তিন) বছরের মধ্যে প্ল্যান্ট স্থাপনের যাবতীয় কার্যক্রম সম্পন্ন করতে হবে। ৩ (তিন) বছরের মধ্যে প্ল্যান্ট স্থাপনে ব্যর্থ হলে সরকার প্ল্যান্ট স্থাপনের অনুমতি বাতিল/প্ল্যান্ট স্থাপনের অগ্রগতি ও সার্বিক অবস্থা বিবেচনা করে যুক্তিসংগত সময় বৃদ্ধি করতে পারে;

৫.১০। ব্যবহৃত লুব্রিকেটিং, অয়েল রি-রিফাইনিং প্ল্যান্টের নকশা (Layout) তৈরীর ক্ষেত্রে (ট্যাংকের মধ্যকার দূরত্ব, প্রসেস প্ল্যান্ট এবং ইউটিলিটিস্ এর মধ্যকার দূরত্ব, ইত্যাদি) পেট্রোলিয়াম রুলস-২০১৮ এবং আন্তর্জাতিক মানদণ্ড যেমন : Oil Industry Safety Directorate (OISD), National Fire Protection Association (NFPA) অনুসরণ করতে হবে। প্ল্যান্ট পরিচালনায় সংশ্লিষ্ট বিষয়ে বিশ্ববিদ্যালয়ের ডিগ্রীধারী দক্ষ ও প্রশিক্ষিত জনবল এবং ল্যাবরেটরি পরিচালনায় ডিগ্রীধারী কেমিস্ট নিয়োগ করতে হবে;

৫.১১। উৎপাদিত পণ্যের গুণগতমান পরীক্ষার জন্য ন্যূনতম নিম্নতম যন্ত্রপাতিসহ পূর্ণাঙ্গ ল্যাবরেটরী স্থাপন করতে হবে :

| S.N. | Test Name | Description of the Apparatus | Test Method |
|---|---|---|---|
| 1 | Appearance | Standard Bar Chart Plate | ASTM D 4176 |
| 2 | Cloud Point Pour Point | Automatic No-flow Analyzer | ASTM D 2500<br>ASTM D 97 |
| 3 | Color | Automatic Colorimeter | ASTM D 1500 |

| S.N. | Test Name | Description of the Apparatus | Test Method |
|---|---|---|---|
| 4 | Density | Digital Density Meter | ASTM D 4052 |
| 5 | Flash Point (Open Cup) | Semi-Automated Cleveland Open Cup Flash Point Tester | ASTM D 92 |
| 6 | Evaporation Loss | Automatic Evaporation Loss Apparatus | ASTM D 5800 |
| 7 | Kinematic Viscosity | Automatic Viscometer | ASTM D 445 |
| 8 | Low Temperature Cranking Viscosity | Cold Cranking Simulator | ASTM D 5293 |
| 9 | Metal Content | ICP-OES | ASTM D 4951/5185 |
| 10 | Pentane Insoluble | Centrifuge Apparatus & Precision Balance | ASTM D 893 |
| 11 | Sulphated Ash | Sulphated Ash Apparatus & Precision Balance | ASTM D 874 |
| 12 | Sulpher Content | | ASTM D 2622/4294 |
| 13 | Total Acid Number | Potentiometer | ASTM D 664 |
| 14 | Water Content | Karl Fisher Titration Apparatus | ASTM D 1533 |
| 15 | Water Separability | Demulsibility Bath | ASTM D 1401 |
| 16 | Oxidation Stability Test | Oxidation Stability Test Apparatus for Lubricants as per ASTM D 7098-08 | ASTM D 7098-08/ D 2272 |
| 17 | Crackle Test | Burner/Test Tube & Accessories | |
| 18 | Demulsibility | Demulsibility Test Apparatus for Lubricants as per ASTM D 2711 | ASTM D 2711 |

৫.১২। ব্যবহৃত লুব অয়েল হতে বেইস অয়েল উৎপাদনের ক্ষেত্রে ন্যূনতম নিম্নবর্ণিত প্রক্রিয়া অনুসরণ করতে হবে:

| | |
|---|---|
| I) এপিআই গ্রুপ-১ বেইস অয়েল : (Filtration) | |
| ক | ডি-হাইড্রেশন (De-Hydration) |
| খ | ভ্যাকুয়াম ডিস্টিলেশন (Vacuum Distillation) |
| গ | ক্লে-ফিনিশিং (Clay-Finishing) |
| ঘ | থার্মাল ডি-অ্যাশফল্টিং (Thermal De-ashphalting) (Not chemical De-ashphalting).<br>[নোট : লুব অয়েল রিজেনারেশন প্রসেস থার্মাল ডি-অ্যাশফল্টিং অপারেশন অন্তর্ভুক্ত থাকবে, তবে রিজেনারেশন প্রসেসে $H_2SO_4$ ব্যবহার করা যাবে না] |
| II) এপিআই গ্রুপ-২ বেইস অয়েল : (Filtration) | |
| ক | ডি-হাইড্রেশন (De-Hydration) |
| খ | ভ্যাকুয়াম ডিস্টিলেশন (Vaccum Distillation) |
| গ | ক্লে-ফিনিশিং (Clay-Finishing) |
| ঘ | থার্মাল ডি-অ্যাশফল্টিং (Thermal De-ashphalting) (Not chemical De-ashphalting).<br>[নোট : লুব অয়েল রিজেনারেশন প্রসেস থার্মাল ডি-অ্যাশফল্টিং অপারেশন অন্তর্ভুক্ত থাকবে, তবে রিজেনারেশন প্রসেসে $H_2SO_4$ ব্যবহার করা যাবে না] |
| ঙ | হাইড্রো-ফিনিশিং Hydro-finishing |

৫.১৩ ব্যবহৃত লুব্রিকেটিং অয়েল রি-রিফাইনিং প্ল্যান্টের ল্যাবরেটরি যন্ত্রপাতির রক্ষণাবেক্ষণ (Maintenance) এবং calibration এর জন্য আবশ্যকীয় হিসেবে এর নির্মাতা বা তার অনুমোদিত পরিবেশকদের সঙ্গে বার্ষিক রক্ষণাবেক্ষণ চুক্তি (Annual Maintenance Contract) করতে হবে;

৫.১৪ ব্যবহৃত লুব্রিকেটিং অয়েল রি-রিফাইনিং প্ল্যান্টকে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের অগ্নি নির্বাপন ও নিরাপত্তা নির্দেশাবলি মেনে চলতে হবে এবং প্ল্যান্টে পর্যাপ্ত অগ্নি নির্বাপন ও নিরাপত্তা ব্যবস্থা থাকতে হবে;

৫.১৫ ব্যবহৃত লুব্রিকেটিং অয়েল রি-রিফাইনিং প্ল্যান্টের উৎপাদিত বেইস অয়েল এপিআই (Group I/II) অথবা সমমানের অনুমোদিত স্পেসিফিকেশন্স অনুযায়ী মানসম্পন্ন হতে হবে। এ সংক্রান্ত বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) একটি কারিগরি কমিটি গঠন করবে এবং বিষয়টি উক্ত কমিটি নিশ্চিত করবে;

৫.১৬ ব্যবহৃত লুব্রিকেটিং অয়েল রি-রিফাইনিং প্ল্যান্টের একই অঙ্গনে (Premises) ব্লেন্ডিং প্ল্যান্ট স্থাপন/পরিচালনা করা যাবে না। তবে এ ধরনের একই মালিকানাধীন প্রতিষ্ঠান লুব্রিকেটিং অয়েল ব্লেন্ডিং প্ল্যান্ট ও ব্যবহৃত লুব্রিকেটিং অয়েল রি-রিফাইনিং প্ল্যান্ট স্থাপন করতে চাইলে উভয় প্ল্যান্ট অবশ্যই ডিমার্কেশন/ফেন্সিং এর মাধ্যমে পৃথকীকরণের ব্যবস্থা থাকতে হবে এবং ব্লেন্ডিং প্ল্যান্টের জন্য সংশ্লিষ্ট নীতিমালা অনুযায়ী পৃথক অনুমোদন গ্রহণ করতে হবে;

৫.১৭ ব্যবহৃত লুব্রিকেটিং অয়েল রি-রিফাইনিং প্ল্যান্টে উৎপাদিত বাই প্রডাক্ট/স্লাজের (sludge) বিনষ্টকরণ (disposal) সিস্টেম অনুমোদিত হতে হবে এবং স্লাজের নিরাপদ ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে পরিবেশ অধিদপ্তর হতে ছাড়পত্র সংগ্রহ করতে হবে;

৫.১৮ রি-রিফাইনিং প্ল্যান্টে উৎপাদিত পণ্য (বেইজ অয়েল) কোনো ক্রমেই দেশের অভ্যন্তরে সরাসরি যানবাহনে বা অন্যত্র ব্যবহারের জন্য বিক্রয় করা যাবে না। অনুমোদিত ব্লেন্ডিং প্ল্যান্ট এর নিকট বিক্রয় অথবা সরকারি বিধি-বিধান প্রতিপালন সাপেক্ষে রপ্তানি করা যাবে। বিক্রিত বেইজ অয়েলের তথ্য সংরক্ষণ করতে হবে; এবং

৫.১৯ রি-রিফাইনিং প্ল্যান্ট এবং রি-রিফাইনিংকৃত বেস অয়েল ব্যবহারকারী ব্লেন্ডিং প্ল্যান্ট উভয়ের স্ব-স্ব উৎপাদিত পণ্য (Finished Product) বাজারজাত করার সময় মোড়কে Re-refined Product উল্লেখ করবে।

**৬। ব্যবহৃত লুব্রিকেটিং অয়েল রি-রিফাইনিং প্ল্যান্ট স্থাপনের আবেদন প্রক্রিয়া**

আবেদনকারী অথবা প্রতিষ্ঠান অনুচ্ছেদ-৪ এ উল্লিখিত যোগ্যতাসম্পন্ন এবং অনুচ্ছেদ-৫ এ উল্লিখিত শর্তাবলি পূরণে যোগ্য হলে নিম্নবর্ণিত কাগজপত্রাদিসহ ফরম-ক পূরণপূর্বক জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে আবেদন করবে :

**৬.১**। ব্যবহৃত লুব্রিকেটিং অয়েল রি-রিফাইনিং প্ল্যান্টের প্রজেক্ট প্রোফাইলে ন্যূনতম নিম্নোক্ত বিষয়াদি অন্তর্ভুক্তপূর্বক স্বয়ংসম্পূর্ণ প্রকল্প প্রস্তাব (Project Proforma);

৬.১.১। প্ল্যান্ট স্থাপনের উদ্দেশ্য ও যৌক্তিকতা (Objective and Justification);

৬.১.২। ব্যবহৃত লুব অয়েল এর উৎস (Source of used lube oil);

৬.১.৩। রিফাইনিং বেস অয়েল, উৎপাদিত প্রডাক্টের নাম/গ্রুপ এবং মানদন্ড, (Re-Refining Base oil, finished products name/group & specification);

৬.১.৪। প্ল্যান্টের প্রসেস ডেসক্রিপশন ও ফ্লো-ডায়াগ্রাম, প্ল্যান্ট ও স্থাপনার লে-আউট প্লান, Yield Pattern;

৬.১.৫। সেফটি ও সিকিউরিটি বিষয়ে বিস্তারিত বিবরণ (Health Safety Security and Enviroment [HSSE] সহ);

৬.১.৬। প্রস্তাবিত প্ল্যান্টের যন্ত্রপাতির তালিকা (List of equipment : storage tanks, Process equipment, Utilities etc.); এবং

৬.১.৭। Financial and Economical Analysis (আর্থিক বিশ্লেষণ বিষয়াদি);

৬.২। প্রস্তাবিত ব্যবহৃত লুব্রিকেটিং অয়েল রি-রিফাইনিং প্ল্যান্ট প্রকল্পের উপর একটি সম্ভাব্যতা যাচাই প্রতিবেদন (Feasibility Study Report);

৬.৩। প্রস্তাবিত প্ল্যান্ট স্থাপনের জন্য নির্ধারিত জমি নিজস্ব হলে মালিকানা সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র (দলিল, পর্চা, খাজনার দাখিলা ইত্যাদি) অথবা জমি লিজ গ্রহণের ক্ষেত্রে কমপক্ষে ২৫ বছর মেয়াদি রেজিস্টার্ড চুক্তিপত্রের সত্যায়িত ফটোকপি;

৬.৪। প্ল্যান্ট এবং স্থাপনাসমূহের বিস্ফোরক পরিদপ্তর কর্তৃক অনুমোদিত নকশা (Lay Out Plan);

৬.৫। আবেদনকারী প্রতিষ্ঠানের সার্টিফিকেট অব ইনকর্পোরেশন এবং মেমোরেন্ডাম অ্যান্ড আর্টিক্যাল্স অব এসোসিয়েশন;

৬.৬। পরিবেশ অধিদপ্তর কর্তৃক প্রদত্ত অবস্থানগত ছাড়পত্র;

৬.৭। প্রতিষ্ঠানের স্বত্বাধিকারীর জাতীয় পরিচয়পত্রের কপি;

৬.৮। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক অনুমোদিত "Fire Safety Plan";

৬.৯। জেলা প্রশাসনের অনাপত্তি;

৬.১০। স্থানীয় কর্তৃপক্ষ (ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন) এর অনাপত্তি;

৬.১১। আর্থিক সক্ষমতার পক্ষে ব্যাংক অথবা আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক বিনিয়োগ নিশ্চয়তাপত্র (Financial Commitment Letter for Investment) অথবা নিজস্ব অর্থের সক্ষমতার প্রমাণপত্র;

৬.১২। ট্রেড লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি;

৬.১৩। আয়কর সনদ (e-TIN) এবং সর্বশেষ ৩ বছরের আয়কর পরিশোধের প্রমাণপত্রের সত্যায়িত ফটোকপি;

৬.১৪। কোনো ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের ঋণ খেলাপি নয় মর্মে বাংলাদেশ ব্যাংক প্রদত্ত প্রত্যয়নপত্র;

৬.১৫। সরকার কর্তৃক নির্ধারিত ফি পরিশোধের চালান বা ব্যাংক ড্রাফট (প্রযোজ্য ক্ষেত্রে); এবং

৬.১৬। সরকার বা কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী অন্য কোন কাগজপত্র।

৭। **প্ল্যান্ট স্থাপনের জন্য অনুমতির আবেদন নিষ্পত্তি**

৭.১। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ আবেদন প্রাপ্তির পর টেকনিক্যাল কমিটির মতামতের জন্য আবেদনটি বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনে (বিপিসি) প্রেরণ করবে। টেকনিক্যাল কমিটি আবেদন যাচাই-বাছাইপূর্বক সুপারিশ/মতামত প্রদান করবে।

৭.২। টেকনিক্যাল কমিটির প্রতিবেদন চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি) মতামতসহ জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করবে।

৭.৩। ৭.২ অনুচ্ছেদে বর্ণিত মতামত প্রাপ্তির পর জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ আবেদনকারীর অনুকূলে প্ল্যান্ট স্থাপনের অনুমতি প্রদান করবে অথবা গ্রহণযোগ্য না হলে বিষয়টি বিপিসি'র মাধ্যমে অবহিত করবে।

৭.৪। প্ল্যান্ট স্থাপনের অনুমতি প্রাপ্তির পর আবেদনকারীকে অনুচ্ছেদ-৫ ও ৬ এর শর্তানুযায়ী প্ল্যান্ট স্থাপন করতে হবে।

৮। **ব্যবহৃত লুব্রিকেটিং অয়েল রি-রিফাইনিং প্ল্যান্টের উৎপাদন ও ব্যবসা পরিচালনার অনুমোদন পদ্ধতি**

৮.১। **ব্যবহৃত লুব্রিকেটিং অয়েল রি-রিফাইনিং প্ল্যান্টের উৎপাদন ও ব্যবসা পরিচালনার আবেদন প্রক্রিয়া :** ব্যবহৃত লুব্রিকেটিং অয়েল রি-রিফাইনিং প্ল্যান্ট স্থাপনের অনুমতিপ্রাপ্ত উদ্যোক্তা অনুমতিপত্রের শর্তানুযায়ী প্ল্যান্ট স্থাপনের পর উদ্যোক্তা প্রতিষ্ঠানের নিজস্ব লেটার-হেড-প্যাডে পণ্য উৎপাদন ও ব্যবসা পরিচালনার জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে আবেদন করবেন। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ আবেদনের বিষয়ে মতামতের জন্য বিপিসি'তে প্রেরণ করবে। বিপিসি'র টেকনিক্যাল কমিটি প্ল্যান্ট পরিদর্শন এবং "Performance Test Run" সম্পন্ন করার পর প্ল্যান্ট পরিচালনার অনুমোদনের বিষয়ে মতামতসহ প্রতিবেদন দাখিল করবে। কারিগরি কমিটির দাখিলকৃত প্রতিবেদনের ভিত্তিতে চেয়ারম্যান বিপিসি আবেদনকারীর ব্যবসা পরিচালনার অনুমতির বিষয়ে মতামত জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করবে। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ চেয়ারম্যান, বিপিসি কর্তৃক প্রেরিত প্রতিবেদন এবং অন্যান্য তথ্য উপাত্তের ভিত্তিতে প্ল্যান্টের উৎপাদন ও ব্যবসা পরিচালনার অনুমতির বিষয় বিবেচনা করবে। অনুমতি প্রাপ্তির পর স্বত্বাধিকারী (Owner) বিপিসি'র নির্ধারিত ফরমে বিপিসি'র সাথে চুক্তি সম্পন্ন করবে এবং নিয়মানুযায়ী/শর্তানুযায়ী প্ল্যান্ট পরিচালনা কার্যক্রম শুরু করবে।

৮.২। **রি-রিফাইনিং প্ল্যান্টে শুধুমাত্র বেস অয়েল উৎপাদন করা যাবে এবং তা সরকার কর্তৃক অনুমোদিত লুব ব্লেন্ডিং প্ল্যান্টের নিকট বিক্রয় করতে হবে। তবে প্রচলিত বিধি-বিধান অনুসরণ করে রপ্তানি করা যাবে।**

**৮.৩। প্ল্যান্ট স্থাপনের পর ব্যবহৃত লুব্রিকেটিং অয়েল রি-রিফাইনিং প্লান্টের উৎপাদন ও ব্যবসা পরিচালনার অনুমতির জন্য আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি দাখিল করতে হবে :**

৮.৩.১। পরিবেশ অধিদপ্তর কর্তৃক প্রদত্ত পরিবেশগত ছাড়পত্র;

৮.৩.২। বিস্ফোরক পরিদপ্তরের ছাড়পত্র;

৮.৩.৩। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কর্তৃক প্রদত্ত লাইসেন্স;

৮.৩.৪। কাচাঁমালের উৎস এবং মানদন্ড (প্রযোজ্য ক্ষেত্রে) (Source of raw material and specification) (if applicable);

৮.৩.৫। উৎপাদিত প্রডাক্টের নাম/গ্রুপ এবং মানদন্ড, (Name/group and specification of finished products);

৮.৩.৬। প্রসেস এন্ড ইন্সট্রুমেন্টেশন ডায়াগ্রাম (পি এন্ড আইডি), (Process and Instrumentation Diagram);

৮.৩.৭। ল্যাবরেটরীতে ব্যবহৃত যন্ত্রাদির তালিকা (List of laboratory equipments); এবং

৮.৩.৮। প্ল্যান্ট/ল্যাবরেটরী পরিচালনার জন্য দক্ষ লোকবলের তালিকা ও দায়িত্ব (List of plant/laboratory personnel and their responsibility)।

**৯। ব্যবহৃত লুব্রিকেটিং অয়েল রি-রিফাইনিং প্ল্যান্টের উৎপাদন ও ব্যবসা পরিচালনার শর্তাবলি**

৯.১। ব্যবহৃত লুব্রিকেটিং অয়েল রি-রিফাইনিং প্ল্যান্টকে উৎপাদন ও ব্যবসা পরিচালনার ৩ (তিন) বছরের মধ্যে আইএসও ৯০০১: ২০০৮/২০১৫ সার্টিফিকেট অর্জন করতে হবে ;

৯.২। ব্যবহৃত লুব্রিকেটিং অয়েল রি-রিফাইনিং প্ল্যান্ট সরকার/বিএসটিআই নির্ধারিত মান অনুযায়ী লুব বেস অয়েল উৎপাদন করবে। বিষয়টি বিপিসি নিশ্চিত করবে। এ লক্ষ্যে বিপিসি ও বিএসটিআই এর উপর্যুক্ত কর্মকর্তা যৌথভাবে অথবা পৃথকভাবে সময়ে সময়ে প্ল্যান্ট পরিদর্শন করতে পারবেন ;

৯.৩। ব্যবহৃত লুব অয়েল (Used lube oil) শুধুমাত্র অভ্যন্তরীণ উৎস হতে সংগ্রহ করতে হবে এবং উৎসের যাবতীয় তথ্য সংরক্ষণ করবে। কোন অবস্থায় ব্যবহৃত লুব অয়েল (Used lube oil) আমদানিপূর্বক প্ল্যান্টে ব্যবহার করা যাবে না; এবং

৯.৪। প্ল্যান্ট কর্তৃপক্ষ কাঁচামাল হিসেবে ব্যবহৃত লুব অয়েল সংগ্রহের জন্য দেশব্যাপী এজেন্ট নিয়োগ করতে পারে। নিয়োগকৃত এজেন্টদের তালিকা (ঠিকানা, জাতীয় পরিচয়পত্রের নম্বর ইত্যাদিসহ) বিপিসি'তে দাখিল করবে (প্রয়োজনে সময়ে সময়ে এ তালিকা পরিবর্তনযোগ্য)।

১০। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ ব্যবহৃত লুব্রিকেটিং অয়েল রি-রিফাইনিং প্ল্যান্ট মনিটরিংয়ের জন্য একটি কমিটি গঠন করবে।

১১। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক গঠিত মনিটরিং কমিটি, বিপিসি ও বিস্ফোরক পরিদপ্তর এবং সংশ্লিষ্ট অন্যান্য কর্তৃপক্ষ যেকোনো সময় প্ল্যান্ট পরিদর্শন করতে পারবে এবং পরিদর্শনকালে চাহিদা অনুযায়ী তথ্য-উপাত্ত সরবরাহ করতে প্ল্যান্ট কর্তৃপক্ষ বাধ্য থাকবে।

১২। প্ল্যান্ট কর্তৃপক্ষ প্ল্যান্টে উৎপাদিত লুব বেস অয়েল অনুমোদিত প্রতিষ্ঠানের নিকট বিক্রয় ব্যতীত অন্য কোথায়ও বিক্রয় করতে পারবে না। সেক্ষেত্রে, তাৎক্ষণিকভাবে অনুমোদন বাতিল বলে গণ্য হবে এবং প্ল্যান্টের সকল কার্যক্রম বন্ধ থাকবে। তাছাড়া, প্ল্যান্ট কর্তৃপক্ষকে সরকারের বিভিন্ন আইন, আদেশ, বিধি-বিধান ইত্যাদি প্রতিপালন এবং স্থানীয় কর্তৃপক্ষ ও নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের শর্তাবলি পূরণ করতে হবে।

১৩। পরিবেশ বা জনস্বাস্থ্যের জন্য ক্ষতিকর কোন পণ্য উৎপাদন করা যাবে না।

১৪। প্ল্যান্ট স্থাপনের অনুমতি হস্তান্তরযোগ্য নয়।

১৫। **অনুমতি বাতিলকরণ**

ব্যবহৃত লুব্রিকেটিং অয়েল রি-রিফাইনিং প্ল্যান্টের অনুকূলে প্রদত্ত অনুমতি নিম্নোক্ত কারণে বাতিল করা যাবে :

১৫.১। অনুমতিপত্র এবং এ নীতিমালার কোন শর্ত ভঙ্গ করলে ;

১৫.২। প্ল্যান্ট পরিচালনায় আন্তজার্তিক কোড ও স্ট্যান্ডার্ড এবং দেশে প্রচলিত বিধি-বিধান অনুসরণ না করলে; এবং

১৫.৩। উৎপাদিত পণ্যের গুণগতমান নিশ্চিতকরণে ব্যর্থ হলে।

১৬। এ নীতিমালা স্থাপিত ও স্থাপিতব্য ব্যবহৃত লুব্রিকেটিং অয়েল রি-রিফাইনিং প্ল্যান্টের জন্য প্রযোজ্য হবে। এ নীতিমালা প্রয়োজনে পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন ও পরিমার্জন করা যাবে। পরিবর্তিত, পরিবর্ধিত, সংযোজিত ও পরিমার্জিত নীতিমালা অনুমতিপ্রাপ্ত ব্যবহৃত লুব্রিকেটিং অয়েল রি-রিফাইনিং প্ল্যান্টের জন্য প্রযোজ্য হবে।

১৭। **রহিতকরণ ও হেফাজত**

১৭.১। এ নীতিমালা জারির সঙ্গে সঙ্গে ' ব্যবহৃত লুব্রিকেটিং অয়েল রি-রিফাইন করিয়া মানসম্মত বেইস অয়েল উৎপাদনের অনুমোদন প্রদানের নীতিমালা ২০০৯' বাতিল বলে গণ্য হবে।

১৭.২। অনুচ্ছেদ ১৭.১ এর নীতিমালা রহিতকরণ সত্ত্বেও নীতিমালার অধীনে গৃহীত কার্যক্রম বলবৎ থাকবে।

**আবু হেনা মোঃ রহমাতুল মুনিম**
সিনিয়র সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd